



# রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

www.rakub.org.bd



“মুজিববর্ষের প্রতিশ্রুতি  
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের অগ্রগতি”

সততার কোন বিকল্প নেই  
দুর্নীতির সাথে আপোষ নহে।

আইসিটিবি সার্কুলার নং -০২/২০২৩

তারিখ: ০৬.০৮.২০২৩

বিষয়: QR Code Based চেকবিহীন লেনদেন সেবা চালুকরণ এবং রাকাব ই-ব্যাংকিং এর লেনদেন লিমিট নির্ধারণ প্রসংগে।

জনগণের হাতের মুঠোয় ডিজিটাল ব্যাংকিং সেবা পৌঁছানোর জন্য গত ২৩ মার্চ ২০২২ তারিখে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকে মোবাইল App ও ইন্টারনেট ব্যাংকিং (রাকাব ই-ব্যাংকিং) চালু করা হয়। বর্তমানে রাকাব ই-ব্যাংকিং এর মাধ্যমে গ্রাহকগণ ঘরে বসে যে কোন সময় দৈনন্দিন ব্যাংকিং লেনদেনের পাশাপাশি EFTN, RTGS; বিকাশ, নগদ, রকেট, ট্যাপ ও উপায় এ ফান্ড ট্রান্সফার; মোবাইল রিচার্জ, NESCO Prepaid & Postpaid মিটারের বিদ্যুৎ বিল ও রাজশাহী ওয়াসার বিল পরিশোধ সেবা গ্রহণ করতে পারছেন।

০২। গত ০৪ আগস্ট ২০২৩ তারিখে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব জনাব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ e-KYC এর মাধ্যমে ঘরে বসে হিসাব খোলা, QR Code Based চেকবিহীন লেনদেন ও রাকাব ই-ব্যাংকিং মোবাইল App এর iOS ভার্সনের শূভ উদ্বোধন করেন। গ্রাহকগণ রাকাব মোবাইল App এর QR Cash এর সাহায্যে চেক ব্যবহার না করে দ্রুততম সময়ে নিরাপদভাবে শাখার ক্যাশ কাউন্টার হতে টাকা উত্তোলন করতে পারবেন।

০৩। চেকবিহীন লেনদেন সেবা চালু করার লক্ষ্যে প্রতিটি শাখার জন্য পৃথক পৃথক QR Code জেনারেট করে এতদসংগে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)। QR Code প্রিন্ট ও লেমিনেটিং করে শাখার ক্যাশ কাউন্টারের সামনে দৃশ্যমান স্থানে বুলিয়ে রাখতে হবে। গ্রাহকগণ রাকাব মোবাইল App এর QR Cash মেনু এর মাধ্যমে উক্ত QR Code স্ক্যান করলে শাখার নাম দেখতে পাবেন। গ্রাহক তার হিসাব নম্বর নির্বাচন পূর্বক কাজক্ষিত টাকার পরিমাণ এন্ট্রি করে Submit করলে মোবাইলে একটি OTP পাবেন। উক্ত OTP সঠিকভাবে এন্ট্রি দিয়ে Submit করলে গ্রাহক একটি পিন নম্বর পাবেন। গ্রাহক কর্তৃক ক্যাশ টেলারকে প্রাপ্ত পিন নম্বরটি জানাবেন। ক্যাশ টেলার CBS হতে পিন নম্বর এর বিপরীতে ট্রানজেকশন যাচাই বাছাই ও Authorization অন্তে গ্রাহককে টাকা প্রদান করবেন। QR Code Based চেকবিহীন লেনদেন যথাযথভাবে পরিচালনার স্বার্থে বিস্তারিত ম্যানুয়েল এতদসংগে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)।


০৪। QR Cash এর মাধ্যমে গ্রাহকগণ যে কোনো শাখা হতে টাকা উত্তোলন করতে পারবেন। নিজ শাখা ব্যতীত অন্য শাখা হতে QR Cash এর মাধ্যমে টাকা উত্তোলন করলে আন্তঃশাখা লেনদেন স্বয়ংক্রিয়ভাবে সমন্বয় হবে।

০৫। গ্রাহকের চাহিদা এবং দেশের বিভিন্ন ব্যাংকের ইন্টারনেট ব্যাংকিং লেনদেন সীমার সাথে সামঞ্জস্য রেখে রাকাব মোবাইল App ও ইন্টারনেট ব্যাংকিং এর লেনদেন সীমা নিম্নোক্তভাবে নির্ধারণ করা হলো:

ক্রঃ	বিবরণ	প্রতিদিন লেনদেন (সর্বোচ্চ)		প্রতিটি লেনদেনের পরিমাণ	
		পরিমাণ	সংখ্যা	ন্যূনতম	সর্বোচ্চ
(১)	নিজের হিসাবসমূহের মধ্যে অর্থ স্থানান্তর (রাকাবের মধ্যে)	১০,০০,০০০/-	১০	১০০/-	১,০০,০০০/-
(২)	রাকাবের আন্তঃশাখার লেনদেন: নিজ হিসাব হতে অন্যজনের হিসাবে ফান্ড ট্রান্সফার	২,৫০,০০০/-	১০	১০০/-	১,০০,০০০/-
(৩)	EFTN	৫,০০,০০০/-	১০	১০০/-	৯৯,৯৯৯/-
(৪)	RTGS	১০,০০,০০০/-	৫	১,০০,০০০/-	১০,০০,০০০/-
(৫)	Mobile Financial Services (MFS)	১,০০,০০০/-	১০	৫০/-	৩০,০০০/-
(৬)	ইউটিলিটি বিল	১৫,০০,০০০/-	৫	৫০/-	১৫,০০,০০০/-
(৭)	মোবাইল Top-up	৫,০০০/-	১০	৫০/-	৩,০০০/-
(৮)	QR Code Based চেকবিহীন লেনদেন	৫,০০,০০০/-	৫	-	১,০০,০০০/-

০৬। উপর্যুক্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালনপূর্বক রাকাব ই-ব্যাংকিং মোবাইল App ও ইন্টারনেট ব্যাংকিং ব্যবহার এবং এর মাধ্যমে QR Code Based চেকবিহীন লেনদেন সেবা গ্রহণে গ্রাহকগণকে উদ্বুদ্ধকরণসহ বর্গিত সেবা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে।

০৭। ইহা অবিলম্বে কার্যকর হবে।

  
০৬.০৮.২০২৩.  
(মোঃ আবুল কালাম)  
উপ-মহাব্যবস্থাপক

অনুমোদনক্রমে-


সংযুক্তি: তিন পাতা।

প্রকা/আইসিটিবি-১২৩/২০২৩-২০২৪/২১০(৪৫৪)

তারিখ : ০৬.০৮.২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান/ইউনিট প্রধান/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ০৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ০৯। প্রকল্প পরিচালক, রাকাব, এসইসিপি, রাজশাহী।
- ১০। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১২। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৩। অফিস নথি।



(আবু হানিফ)

সিনিয়র সিস্টেম এনালিস্ট (সমব্যা)